**[ বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য ]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

**(মূল্য সংযোজন কর)**

**বিশেষ আদেশ নং-৫০/মূসক/২০২৪** তারিখঃ ২৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ। ০৮ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ **জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ ইয়ার্ডগুলোকে গ্রীন শীপ ইয়ার্ডে উন্নীতকরণের লক্ষ্যে জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ (ship recycling) প্রতিষ্ঠানসমূহ কর্তৃক মূলধনী যন্ত্রপাতি (capital machineries) আমদানির ক্ষেত্রে আমদানি পর্যায়ে আরোপিত সমুদয় মূল্য সংযোজন কর (আগাম করসহ) অব্যাহতি প্রদান।**

যেহেতু, সরকার ২০২৩ সালের জুন মাসে The Hong Kong International Convention for the Safe and Environmentally Sound Recycling of Ships (HKC) অনুসমর্থন (ratify) করিয়াছে, যাহা ২৬ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ হইতে কার্যকর (enforce) হইবে এবং উক্ত সময়ের মধ্যে সকল জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ ইয়ার্ডকে গ্রীন শিপ রিসাইক্লিং ইয়ার্ডে উন্নীত করিতে হইবে, অন্যথায় উক্ত সময়ের পর থেকে পুনঃপ্রক্রিয়াজাতকরণের জন্য কোন জাহাজ বাংলাদেশে আসিতে পারিবে না;

সেহেতু, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ ইয়ার্ডগুলোকে গ্রীন শীপ ইয়ার্ডে উন্নীতকরণের লক্ষ্যে জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ (ship recycling) প্রতিষ্ঠানসমূহ কর্তৃক টেবিলের কলাম (৩) এ বর্ণিত মূলধনী যন্ত্রপাতি (capital machineries) আমদানির ক্ষেত্রে নিম্নের শর্তাবলী পরিপালন সাপেক্ষে আমদানি পর্যায়ে আরোপিত সমুদয় মূল্য সংযোজন কর (আগাম করসহ) অব্যাহতি প্রদান করিল:

টেবিল

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| 84.26 | সংশ্লিষ্ট এইচ.এস.কোড | Crawler Cranes |
| 84.29 | সংশ্লিষ্ট এইচ.এস.কোড | Magnetic Excavator |
| 84.29 | সংশ্লিষ্ট এইচ.এস.কোড | Hydraulic Bulldozer |

**শর্তাবলি:**

(ক) আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি (capital machineries) সমূহ HKC এর বাধ্যবাধকতার আলোকে শুধুমাত্র শিপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং ইয়ার্ড এর উন্নয়নের জন্য প্রয়োজনীয় এবং ব্যবহার্য হইবে মর্মে শিল্প মন্ত্রণালয়ের উপসচিব পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র শুল্কায়নের সময় কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে;

(খ) রেয়াতি হারে আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি (capital machineries) সমূহ শুধুমাত্র শিপ ব্রেকিং ও রিসাইক্লিং ইয়ার্ডে ব্যবহার করিতে হবে এবং ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের পূর্বে বিক্রয় বা হস্তান্তর করা যাইবে না; ০৫ (পাঁচ) বৎসর অতিবাহিত হইবার পূর্বে আমদানিকৃত উক্ত মূলধনী যন্ত্রপাতি (capital machineries) বিক্রয় বা হস্তান্তর করা হইলে প্রদত্ত রেয়াতি সুবিধা বাতিল বলিয়া গণ্য হইবে এবং সেক্ষেত্রে আমদানি পর্যায়ে আরোপিত সমুদয় মূল্য সংযোজন কর (আগাম করসহ) আদায়যোগ্য হইবে;

(গ) রেয়াতি হারে আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি (capital machineries) সমূহ শুধুমাত্র শিপ ব্রেকিং ও রিসাইক্লিং ইয়ার্ডে ব্যবহার এবং ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের পূর্বে বিক্রয় বা হস্তান্তর না করার বিষয়টি সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তা এবং সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা তদারকি করিবেন;

(ঘ) আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি (capital machineries) সমূহ ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের পূর্বে বিক্রয় বা হস্তান্তর করা হইবে না মর্মে ৩০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে একটি অঙ্গীকারনামা শুল্কায়নের সময় আমদানিকারক কর্তৃক সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে;

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে এবং ইহা ২৬ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

স্বাঃ/—

**[মোঃ মশিউর রহমান]**
**প্রথম সচিব (মূসক নীতি)**

প্রাপকঃ উপ-পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।
**(তাঁহাকে উল্লিখিত আদেশ এর ১০০ (একশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করিবার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলো)।**

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০০২.২০১৫ (অংশ-১)/(৩৩) তারিখঃ ০৮ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-৩। সদস্য (মূসক নীতি)/(মূসক বাস্তবায়ন ও আইটি)/(মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৪। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।

৫-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।

১৭-২০। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।

২১। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর ঢাকা।

২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা উত্তর/দক্ষিণ/চট্টগ্রাম।

২৩-২৪। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

২৫। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৬। সভাপতি, বাংলাদেশ শিপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং এসোসিয়েশন,আগ্রাবাদ, চট্টগ্রাম।

08 Dec 2024

**[ ব্যারিস্টার মো: বদরুজ্জামান মুন্সী ]**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)